দৈনিক সংবাদ

25

তারিখ ... ... ... JUL. 0 6. 2000
পৃষ্ঠা ১ কলাম ৪

# ইংরেজি মাধ্যমের স্কুল পরিচালনায় নতুন নীতিমালা তৈরি করা হচ্ছে'

সংসদ বার্তা পরিবেশক ঃ দেশে বেসরকারি পর্যায়ে ইংরেজি মাধ্যমের স্কুল পরিচালনার জন্য সরকার একটি নীতিমালা প্রণয়ন করছে। এ নীতিমালা অনুসারে এ ধরনের স্কুলের আয়-ব্যয়ের হিসাব সরকারের কাছে দিতে হবে। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল বুধবার সংসদে প্রশ্নোত্তর পর্বে একথা জানিয়েছেন।

অন্য এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় জানান, সারাদেশে বর্তমানে কমিউনিটি স্কুলের সংখ্যা ২ হাজার ৯শ ৮৯টি। একটি প্রকল্পের মাধ্যমে পরিচালিত এসব স্কুলের শিক্ষকগণ মাসে ৫শ টাকা করে ভাতা পেয়ে থাকেন। প্রকল্পের ব্যয়-বরাদ্দ বাড়ানো হলে শিক্ষকদের ভাতাও বাড়ানো হবে।

## নতুন ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন হবে

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক অন্য এক প্রশ্নের জবাবে জানান, দেশে বর্তমানে ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট আছে।

ইংরেজি ঃ পৃঃ ২ কঃ ২

## ইংরেজি ঃ মাধ্যম

(১ম পৃষ্ঠার পর)

এছাড়া ১৫টি জেলায় ১৫টি পলিটেকনিক ইনস্টিটিউট এবং ঢাকার বাইরে ৫টি বিভাগীয় শহরে ৫টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট হবে।

এর মধ্যে শরীয়তপুর, ঠাকুরগাঁও, নবাবগঞ্জ, মাগুরা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, কক্সবাজার, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, লক্ষ্মীপুর, নরসিংদী, গাজিপুর, গোপালগঞ্জ, ভোলা ও হবিগঞ্জে ১টি করে নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হচ্ছে। বিভাগীয় শহর চট্টগ্রাম, রাজশাহী ও খুলনায় একটি করে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের কাজ ইতোমধ্যে আরম্ভ হয়েছে। সিলেট ও বরিশালে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের জন্য বৈদেশিক অর্থায়নের চেষ্টা চলছে।